# উপলব্ধি ও মোটিভেশন

## পোস্টার ও ব্যানার সংকলন – ৩য় খণ্ড

মোহাম্মদ মোজাম্মেল হক

সিএসসিএস পাবলিকেশন্স

CSCS

**উপলব্ধি ও মোটিভেশন**

**পোস্টার ও ব্যানার সংকলন – ৩য় খণ্ড**

মোহাম্মদ মোজাম্মেল হক

**প্রকাশক**

সিএসসিএস পাবলিকেশন্স

অস্থায়ী কার্যালয়:

এসই-১৫,

দক্ষিণ ক্যাম্পাস,

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়,

চট্টগ্রাম-৪৩৩১

০১৯৫৩ ৩২ ৩০ ৩০

connect.cscs@gmail.com

cscsbd.com

© সিএসসিএস পাবলিকেশন্স

প্রথম প্রকাশ: জুলাই ২০২১

দ্বিতীয় সংস্করণ: সেপ্টেম্বর ২০২৪

UPALOBDHI O MOTIVATION (Realisation and Motivation: Poster and Banner Collection – Part 3) by Mohammad Mozammel Hoque, published by CSCS Publications, SE-15, South Campus, Chittagong University. Second Edition: September, 2024. Price: Tk. 300 only

# ভূমিকা

'আমার হাতের লেখা বরাবরই খুব খারাপ। এই জন্য ছাত্রজীবনে বেশ ক্ষতিগ্রস্ত হয়েছি। হাতের লেখা দেখে চরম বিরক্ত হলেও স্যারেরা যাতে বুঝতে পারেন যে আমি সংশ্লিষ্ট বিষয়টি ঠিক মতো বুঝতে পেরেছি, সে জন্য মাঝে মাঝে পরীক্ষার খাতায় পুরো উত্তরের ওপর তাৎক্ষণিকভাবে একটা ছক তৈরি করে দিতাম। মেট্রিক, ইন্টার, বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা, সব জায়গাতে আমি এই কাজটি করেছি। এরপর জীবনের পথ চলায় যখন সংগঠনবাদিতা ছেড়ে আমার যে পেশাগত ও সামাজেক দায়িত্ব সেটা সিরিয়াসলি শুরু করলাম, তখন আমার পরিচয় হিসেবে 'সমাজ ও সংস্কৃতি অধ্যয়ন কেন্দ্র' (সিএসসিএস)-কে একটা প্লাটফর্ম হিসেবে গড়ে তুলি। সেটি শতাব্দীর প্রথম বছর। এরপর একধরনের অগত্যা পরিস্থিতিতে লেখালেখি শুরু করি। সেটি দুই হাজার দশ সাল অনওয়ার্ড। শুরু করেছিলাম সামহোয়ারইন ব্লগ হতে। এরপরে সোনার বাংলাদেশ ব্লগ। বর্তমানে ফেইসবুক।

পেশাগত বুদ্ধিবৃত্তি চর্চার খোলস থেকে বাইরে এসে যখন পাবলিক ইন্টেলেকচুয়্যাল হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করার কাজ শুরু করলাম, তখন অনুভব করলাম, কিছু কিছু বিষয়ে স্বতন্ত্র লেখা তৈরি করা জরুরী; অথচ নানা কারণে ওই বিষয়ে লেখার কাজটা আর হয়ে উঠছে না। মূলত এই সব 'অপেক্ষমান-লেখাগুলোকে চিরতরে হারিয়ে যাওয়া হতে রক্ষা করার জন্য শুরু করলাম পোস্টার আর ব্যানার তৈরির কাজ। ভাবলাম, আমি যেহেতু সব কাজ আমার মতো করে একা একাই করি, এটাও আমার মতো করে শুরু করি।

পোস্টার ও ব্যানারের মাধ্যমে অপেক্ষমান অর্থাৎ এখনো লেখা হয় নাই বা বলা হয় নাই এমন কোনো বিষয়কে সংক্ষেপে উপস্থাপন করা যায়। এর পাশাপাশি ইতোমধ্যে প্রকাশিত কোনো লেখা বা বক্তব্যকে অতিসংক্ষেপে তুলে ধরার কাজটাও ভালোভাবে সম্পন্ন করা যায় বিবেচ্য বিষয়ে পোস্টার কিংবা ব্যানার তৈরীর মাধ্যমে। 'পোস্টার ও ব্যানার সমগ্র'র মধ্যে অন্তর্ভুক্ত কিছু কিছু পোস্টার ও ব্যানারের সমর্থনে আমার লেখা বা ভিডিও বক্তব্য আছে। লেখাগুলো আছে আমার কয়েকটি ওয়েবসাইটে। ভিডিও বক্তব্যগুলো আছে আমার দুইটা ইউটিউব চ্যানেলে। ফিলসফি সংক্রান্ত ভিডিওগুলো আছে 'যুক্তি ও জীবন' চ্যানেলে। বাদবাকী ভিডিওগুলো আছে 'সামাজিক আন্দোলন' চ্যানেলে।

আমি সতর্ক থেকেছি, অন্য কারো কথা বা উদ্ধৃতি যাতে আমার নামে এসে না যায়। তারপরও এ'ধরনের কোনো 'সমস্যা' যদি কারো নজরে পড়ে তাহলে, অনুরোধ করছি, নির্দ্বিধায় সেটি আমাকে জানাবেন। প্রসঙ্গক্রমে বলছি, 'simplicity is the beauty' এই কথাটার সেন্স ধারণ করে এমন কথা এর আগে বলা হয়েছে। আগে বলা কথা দ্বারা উদ্বুদ্ধ হয়ে আমি সেই কথাগুলোকে কিছুটা পরিবর্তন করে আমার নামে কথাটা সাজিয়েছি, ব্যাপারটা এমন নয়। বরং, এইটাসহ এ'ধরনের কোনো পোস্টার বানানোর পরে আমি মাসুদ ও সৌরভকে বলেছি, এই ধরনের কথা এর আগে কেউ বলেছে কিনা, চেক করে দেখতে।

জনাব মাসউদুল আলম (মাসুদ) হলেন সিএসসিএস-এর নির্বাহী পরিচালক। তিনি আমার খসড়া ডিজাইন ফলো করে এই পোস্টার ও ব্যানারগুলো তৈরি করেছেন এবং এ'গুলোকে গ্রন্থাকারে সংকলন করে দিয়েছেন। এই কাজে আমাকে আর মাসুদকে সার্বিকভাবে সহযোগিতা করেছেন সিএসসিএস-এর গবেষণা সহকারী ও সহকারী পরিচালক জনাব আবদুল কাইয়ূম সৌরভ। আমরা কোনো পোস্টার বা ব্যানার বানানোর পরে সেটা ফার্স্টটাইম দেখাতাম মিতুল ম্যামকে। সামসুন নাহার মিতুল। তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষক। আমার সহকর্মী ও স্ত্রী।

জীবনে কিছু হিন্দি সিনেমা দেখেছি। এর একটি হলো 'পরদেশ'। এর একটা দৃশ্য এমন, বাগানে পানি দিতে গিয়ে দেখা গেল পানি নাই। পানির লাইনে সমস্যা। তখন বাড়ির ম্যানেজার সরাসরি ফোন করলো সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রীকে। তেমন করে, যখনই কোনো ভাষাগত সমস্যায় পড়েছি, তাৎক্ষণিকভাবে ফোন করেছি 'শ্রদ্ধেয় ছোটভাই' জনাব ইব্রাহিম হোসেনকে।

তিনি আধুনিক ভাষা ইনস্টিটিউট, চবি'র পরিচালক। ব্যতিক্রমী এই বইয়ের ভূমিকা লিখতে গিয়ে মাসুদ, সৌরভ, মিতুল ও ইব্রাহিম হোসেনের প্রতি বোধ করছি আন্তরিক কৃতজ্ঞতা ও গভীর ভালোবাসা। আর দু'জন স্নেহাস্পদ ছাত্র পোস্টার ও ব্যানারগুলোর স্ট্রাকচার, কালার, কনটেন্ট ও ল্যাঙ্গুয়েজের ব্যাপারে আমাকে পরামর্শ দিয়ে সহযোগিতা করেছেন। তারা দু'জনই চবি ইংরেজী বিভাগে পড়াশোনা করেছে। মো. আইয়ুব আলী আর নাজমুল হুদা। তাদেরকে আল্লাহ তায়ালা উত্তম প্রতিদান দান করুন, আ-মীন!

ভালোবাসার উভয়সংকট হলো, প্রকাশ করলে এর গভীরতা কমে যায়। আবার যে কোনো অকৃত্রিম অনুভূতি স্বতঃই প্রকাশ লাভ করতে চায়। তাই, আনুষ্ঠানিকতা মাঝে মাঝে প্রয়োজনীয় হয়ে উঠে। এর বিপরীতে, অনানুষ্ঠানিক বিষয়গুলোই আমাদের অনুভবের গভীরতম কন্দরে স্থান লাভ করে।

আমার জন্য তোমাদের কষ্ট, বিশেষ করে আমার একসেন্ট্রিক ভাবনাচিন্তা ও কর্মকাণ্ডে তোমাদের আন্তরিক সমর্থনকে স্বীকার করছি অকপটে। তোমাদের ভালোবাসি। ভালোবাসার মানুষদের আনুষ্ঠানিক ধন্যবাদ জানানো মানানসই নয়। জানি। তবুও তোমাদের উদ্দেশ্য করে এখানে যা বললাম তা ফর্মাল একনলেজমেন্ট। এই সুযোগে পাঠকদের সাথে তোমাদের পরিচয় করিয়ে দেয়া, আমার পথচলায় যাদের অমূল্য সমর্থন আমাকে প্রেরণা জোগায়, তাদের জন্য আমার ভালোবাসার কথা সবাইকে জানানো, তাই তো এই স্বীকৃতির আয়োজন। ভালবাসা স্বীকৃতির অপেক্ষা করে না, স্বীকৃতি ভালবাসার তুল্য নয়। তবুও আমরা আনুষ্ঠানিক স্বীকৃতি দিয়ে ভালবাসার প্রতি সম্মান প্রদর্শন করি।

এখানকার অধিকাংশ পোস্টার ইংরেজিতে। এর কারণ হলো, ফিলসফির মতো সবচেয়ে কঠিন বিষয়ে শিক্ষকতা করতে গিয়ে যে মূল বইগুলো পড়তে হয় তা সব ইংরজিতে। এবং সেই বইগুলোর ইংরেজি ভাষা প্রচলিত 'টেকনিক্যাল সাবজেক্টসমূহের' মতো 'টেকনিক্যাল ইংলিশ' নয়। মোর লিটারেল। বরং ফিলসফির ইংরেজি, যেভাবে আমরা পড়েছি ও পড়াই, তা যথেষ্ট কঠিন। বিশেষ করে পারিভাষিক দিক থেকে। এভাবে চর্চা করতে করতে কেন জানি আমাদের মতো পেশাজীবীদের মনে ইংরেজিটা যেভাবে চলে আসে, বাংলাটা সেভাবে আসে না। মনে হয়, কথাটা বাংলায় ততটা ক্লিয়ার হবে না। স্বীকার করছি, এটি আমার সীমাবদ্ধতা। আশা করি, এ জন্য আমাকে ক্ষমা করবেন। কিছু কিছু পোস্টার/ব্যানারে অবশ্য ইংরেজির পাশাপাশি বাংলাও দেয়া হয়েছে। কোনো কোনো পোস্টার/ব্যানার বাংলা ও ইংরেজি উভয় ভার্শানে তৈরি করেছি।

আমার অপরাপর বইগুলোর মতো এটিও আমার ওয়েবসাইট হতে ফ্রি ডাউনলোড করা যাবে। পুরো কাজটিকে একটা প্রফেশনাল ওয়ার্ক হিসেবে না দেখে চলমান 'বুদ্ধিবৃত্তিক গেরিলা যুদ্ধের' প্রেক্ষাপটে বিবেচনা করার অনুরোধ রইলো। এতে করে আপনার হতাশা ও অভিযোগের মাত্রা কমতে পারে। এখানে অন্তর্ভুক্ত হয় নাই আমার এমন সব প্রবচন এবং এখানকার চুম্বক কথাগুলো নিয়ে 'প্রবচনগুচ্ছ' হিসেবে একটা স্বতন্ত্র প্রকাশনা বের করার ইচ্ছা আছে। প্রায় দেড় শতাধিক ব্যানার/পোস্টারের এই সংকলনটি এক্সপ্লোর করে দেখেন বা না দেখেন, এই ভূমিকাটা এ পর্যন্ত যদি পড়ে থাকেন, তাহলে অনুমান করতে পারি, আপনি কোনো গড়পরতা মানুষ নন। খানিকটা ব্যতিক্রমী। আমাদের এই বিপরীত পথচলায় একজন সহযাত্রী হিসেবে আপনাকে স্বাগতম।'

০৭ জুলাই ২০২১ তারিখে এই ভূমিকা লিখেছিলাম। তখন এর নাম ছিল 'পোস্টার ও ব্যানার সমগ্র'। এতে সংযোজিত পোস্টার ও ব্যানারের সংখ্যা ছিল দেড় শতাধিক। ইতোমধ্যে পোস্টার ও ব্যানারের সংখ্যা বেড়ে হয়েছে দ্বিগুণেরও বেশি। তাই ব্যতিক্রমী এই গ্রন্থটিকে আমরা তিন খণ্ডে বিভক্ত করেছি। 'পরিবার, সমাজ ও রাষ্ট্র' – ১ম খণ্ড, 'বিজ্ঞান, দর্শন ও ধর্ম' – ২য় খণ্ড, 'উপলব্ধি ও মোটিভেশন' – ৩য় খণ্ড।

'উপলব্ধি ও মোটিভেশন' শিরোনামে 'পোস্টার ও ব্যানার সংকলন'-এর ৩য় খণ্ডে জীবনবোধ, জয়-পরাজয়, কর্মনীতি ও পারস্পরিক সম্পর্ক নিয়ে সাজিয়েছি প্রথম অধ্যায়: উপলব্ধি। দ্বিতীয় অধ্যায়: মোটিভেশনে পাবেন আত্মপরিচয় ও মর্যাদাবোধ, আত্মবিচার, আত্মবিশ্বাস, অগ্রাধিকার নির্ণয়, বাগ্মিতা কিংবা নিরবতা, অপরের অধিকার এবং পাঠ ও চিন্তা শিরোনামের উপ-অধ্যায়।

উপরোল্লিখিত বিষয়গুলোর কোনোটারই পূর্ণাঙ্গ আলোচনা পাবেন না এই সংকলনে। বরং এখানে পাবেন সংশ্লিষ্ট বিষয়ে আমার ভাবনাচিন্তার সূত্র ও পরিচয়। একেকটা অধ্যায়ে বিষয়ভিত্তিক বিন্যাসটাও খানিকটা অগোছালো। আমরা চেষ্টা করেছি, তবুও রয়ে গেছে সিরিয়ালিটির প্রবলেম। স্বীকার করছি।

আমার বিগত তিন দশকের শিক্ষকতার অভিজ্ঞতা, একজন সমাজকর্মী হিসেবে আমার উপলব্ধি, একজন জীবনবাদী মানুষ হিসেবে আমার যাপিত জীবনের অভিজ্ঞতা, এ'সব কিছু আমাকে বাধ্য করেছে ভাবতে। কিছু কথা আশেপাশের লোকজনকে

বলতে। আমার কাছ হতে কাছের লোকেরা এ'গুলো শুনেছে বহুবার। তাদেরই অনুরোধে এই সংকলন। যত আপনজন, সুহৃদ, বন্ধু, সহকর্মী ও সহমর্মী আমাকে এমনতর 'উস্কানি' দিয়েছে তাদের সবার নাম উল্লেখ করা তো সম্ভব নয়। এ'মুহূর্তে মনে পড়ছে আমার এক ছাত্রীর কথা। সে ফেইসবুকে স্ট্যাটাস দিয়ে বলেছিল স্যারের এই কথাটা ভাল্লাগছে, 'ব্যক্তিত্ব হচ্ছে সীমিত মাত্রার বেয়াদবি' | 'personality is audacity within limit'। পরবর্তীতে ক্লাসে বলেছিল, স্যার, আপনার এ'ধরনের কথাগুলোর একটা সংকলন করবেন। হ্যাঁ, তাম্মি, তোমার অনুরোধ রাখলাম।

আমার যাপিত জীবনের অভিজ্ঞতার কথা যখন আমি অকপটে বলি, তখন অনেকেই বলে, 'হ্যাঁ, আপনার কথাটা সঠিক। যদিও এমন করে কেউ বলে না। আপনার কথা থেকে আমি উপকৃত হয়েছি', তখন আমার সত্যিই ভাল লাগে। গান আমরা সবাই গাইতে পারি। সবচেয়ে সুন্দর করে। তবে, মনে মনে। সেজন্য আমরা নই গায়ক। গায়করা আমাদের নিভৃত সুরকে কণ্ঠে তুলে আনতে পারে, তাই তো তাদের গান আমাদের ভাল লাগে। ছবির ক্ষেত্রেও ব্যাপারটা তেমন। সব ধরনের সৃজনশীলতার জন্যেই এটি প্রযোজ্য। পৃথিবীর সব সত্য মূলত আমাদের অন্তর্গত সত্য। বিরূপ পরিস্থিতিতে অপ্রিয় সত্যটা যে অকপটে অথচ সহজ করে বলতে পারে, সে হলো বুদ্ধিজীবী। বলতে পারেন, জ্ঞানী। আমি সেল্ফ-ব্র্যান্ডিং-এ বিশ্বাস করি। তাই নিজেকে আপাতত বুদ্ধিজীবী ও জ্ঞানী হিসেবে দাবি করছি। আমার নিজস্ব ফিলসফি নিয়ে যখন কোনো স্বতন্ত্র গ্রন্থ বা সিরিজ প্রকাশ করবো (ইনশাআল্লাহ) তখন সেখানে নিজেকে দার্শনিক হিসেবে দাবি করবো।

দর্শন পড়লে, শিখলে কিংবা দর্শন শেখালে কেউ দার্শনিক হয়ে যান না, যেমন করে সাহিত্য পড়লে, শিখলে বা সাহিত্য বিভাগে শিক্ষকতা করলে কেউ হয়ে যান না সাহিত্যিক। আপনি যখন কাউকে দার্শনিক বলবেন তখন আপনাকে দেখাতে হবে, সংশ্লিষ্ট ব্যক্তির ফিলসফিটা কী।

নিজস্ব কোনো ফিলসফিক্যাল কন্ট্রিবিউশান না থাকলেও একজন ব্যক্তি হতে পারেন জ্ঞানী। যারা প্রতিষ্ঠিত জ্ঞান নিয়ে চর্চা করেন তাদের আমরা বলি বুদ্ধিজীবী।

সে যাই হোক, মোটিভেশন চ্যাপ্টারের প্রায় কথা সংশ্লিষ্ট বিষয়ে প্রচলিত ধারণার বিপরীত। তাই, একসময়ে ভেবেছিলাম, এই প্রকাশনার নাম রাখবো, 'ডি-মোটিভেশনাল কথাবার্তা'। মানুষকে উদ্বুদ্ধ করার জন্য যেসব কথাবার্তা বলা হয় তা প্রায় ক্ষেত্রে হিতে বিপরীত ফল বয়ে আনে। আমি জীবনবাদী। জীবনের গভীর উপলব্ধি হতে আমি বিষয়গুলোকে তুলে এনেছি। তাই তো আপাত বৈপরীত্যপূর্ণ হওয়া সত্বেও এ'পর্যন্ত বহু লোক আমার কথাগুলো হতে উপকৃত হয়েছে।

খুব ছোটবেলার কথা। সেটি ১৯৮২/৮৩'র দিকে। তখন আমি ইন্টারে পড়ি। বিশ্ববিদ্যালয়-পূর্ব সময়ে আমি ছিলাম বিজ্ঞানের ছাত্র। যতদূর মনে পড়ে কোনো একটা প্র্যাকটিক্যাল খাতার মলাটের ভেতরদিকে পেন্সিলে লিখেছিলাম অপরিণত ভাষায় এই কথাটুকু, 'জ্ঞানের সাগর পাড়ে যেন সাঙ্গ না হয় খেলা / মন্থনের পর জ্ঞানের সাগর ডুবে যাবে সন্ধ্যা বেলা'। ফিলসফি পড়বো তখনো ভাবিনি। পড়লাম। খুব গর্ব করে প্রায়শ বলি, Philosophy is more than a profession to me. It's a passion।

জ্ঞানের চেয়ে বড় সম্পদ, জ্ঞানলাভের চেয়ে বড় আনন্দ, পৃথিবীতে নাই। জানার জন্য পড়েছি। মনের আনন্দে পড়েছি। যা মন চেয়েছে তাই পড়েছি। মনে হয়, আল্লাহ তায়ালা জ্ঞানের উত্তম সম্পদ আমাকে দান করেছেন। আলহামদুলিল্লাহ!

যা বললাম একটু উপরে, আজ আমি জীবনের বেলাভূমিতে উপনীত। যাওয়ার সময় সমাগত। বেশি দিন আর নেই বাকী। যেতে হয়। যাওয়াটাই এখানে আজন্ম নিয়ম। জীবনের পরিণতি অনিবার্য। তবুও স্মৃতি, তবুও বিস্মৃতি বাঁচিয়ে রাখে আমাদের। অনন্তের পথে মানুষ চলে যায়। থেকে যায় কিছু স্মৃতি, কিছু কথা, কিছু সমব্যথা। অগ্রজদের কথা অনুজদের মনে রেখাপাত করে। মিলে যায় তার যাপিত জীবনের অভিজ্ঞতার সাথে। হয়তোবা আমিও থেকে যাবো তোমাদের মাঝে, আমার কথাগুলোকে পছন্দ করা আমার জানা-অজানা প্রিয়দের মাঝে।

বইটি যখন একখণ্ডে 'পোস্টার ও ব্যানার সমগ্র' হিসেবে প্রকাশিত হয়েছিল, তারপরে সংযোজিত শ'দেড়েক পোস্টার তৈরীর ক্ষেত্রে নিরলসভাবে কাজ করেছে আমার দু'জন সরাসরি স্টুডেন্ট। তারা এ'বছর এম.এ. পরীক্ষা দিবে। একজন হলো বিশ্ববিদ্যালয়ে যথেষ্ট পরিচিত আর্টিস্ট নাঈমা সুলতানা বৃষ্টি। আরেকজন হলো দক্ষ ডিজাইনার জান্নাতুন নাঈম হৃদয়। আমরা কিছু কিছু পোস্টার করেছি পাওয়ার পয়েন্টে। কিছু কিছু করেছি ক্যানভাতে। কিছু কিছু করা হয়েছে এডোবি ইলাস্ট্রেটরে। সবগুলো পোস্টারকে পরে এডোবি ইলাস্ট্রেটরে রিডিজাইন করে দিয়েছে নাঈম। দিনের পর দিন তারা আমার সাথে সময় দিয়েছে। একেকটা পোস্টার বহুবার কারেকশান করা হয়েছে।

বারে বারে খসড়া প্রিন্ট করা, ভাষাগত সংশোধনের পরামর্শ দেয়াসহ নানাভাবে এই সংকলনের কাজে সহযোগিতা করেছে 'সমাজ ও সংস্কৃতি অধ্যয়ন কেন্দ্র' (সিএসসিএস)-এর অধ্যয়ন সহকারী ফয়সল মুহাম্মদ। ফয়সল এবারে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় হতে মাস্টার্স পরীক্ষা দিবে। মাসুদ নরসিংদীতে শিফট করার পর হতে সেন্টারের নির্বাহী পরিচালক হিসেবে দায়িত্বপালন করে আসছে সৌরভ। সেও এবার মাস্টার্স পরীক্ষা দিবে। পোস্টারগুলোকে সাজিয়ে গ্রন্থাকারে রূপ দেয়ার কাজসহ বাদবাকী সব কাজ সৌরভই করেছে। শুরুতেই বলেছি, এই কাজে যারা সহযোগিতা করেছে তারা এটি করেছে পূর্ণ আন্তরিকতা ও ঐকান্তিকতা সহকারে।

ভালবাসার কোনো প্রতিদান হয় না, ভালবাসা ছাড়া। উর্দু কবি মীর তকী মীরের ভাষায়, 'প্রেমের ব্যথায়, প্রেমই নিবারক'। তোমাদের ভালবাসি। তোমরা যা করেছো মহান আল্লাহ তায়ালা তোমাদেরকে এর উত্তম প্রতিদান দান করুক।

পোস্টার প্রেজেন্টেশনের একটা একাডেমিক ধারা আছে। আমার এই কাজে এর প্রভাব আছে, এটি অনস্বীকার্য। বাস্তবতা হলো, পদোন্নতি ও সুবিধা লাভের লক্ষে কৃত একাডেমিক রিসার্চ হিসেবে এই কাজটি করা হয়নি। আমি যা করেছি তা আমার মনের খুশীতে করেছি। হেভিং সেইড দিস, বহু থিসিসের সারসংক্ষেপ তথা মূল কথা এখানে খুব সহজ ভাষায় বলে দেয়া হয়েছে। একটা কথা বলে দিলেই সেটা থিসিস হয় না। সিস্টেমেটিক ওয়েতে একটা হাইপোথিসিসকে থিসিসে উন্নীত করতে হয়। সেটাই গবেষণা।

আবার একটা গবেষণার বিরাট ভলিউমের মূল কথাটুকু আমরা একটা সামারির মধ্যে নিয়ে আসতে পারি। এক কথায় প্রকাশ করতে পারি। আমার এই কাজ দ্বিতীয় ধাঁচের। এর কারণ শুরুতেই ব্যাখ্যা করেছি।

যত কথা মনে জাগে, জীবন ও জগতের বিস্তীর্ণ অভিজ্ঞতার আলোকে যত কথাকে সঠিক বলে মনে হয়, তা সব এখানে বলা হয়নি। যা বলার ছিল কিংবা আছে, তার তুলনায় যা বলেছি তা ক্ষুদ্র অংশ মাত্র। কত কথা ছিল বলার ....! জীবন তো এমনই, থেকে যায় অনেকটুকু অনুক্ত। খুব বিখ্যাত এক তরুণকে বলেছিলাম, 'লেখক হতে চাইনে। কথাগুলো শুধু বলে যেতে চাই'। সাড়ে তিনশ' পোস্টার করার পরেও মনে হচ্ছে, সাড়ে তিনটা কথা শুধু বলা হলো।

আমি নিশ্চিত, আমার কথাগুলো অনেকের কাছেই নিজের মনের কথা বলে মনে হবে। 'Trisduction' নামে একটা একাডেমিক ইউটিউব চ্যানেল পরিচালনা করেন এক ডাক্তার ভদ্রলোক। তিনি একইসাথে নিউরোসায়েন্সে পি-এইচ.ডি. করেছেন। ফিলসফি নিয়ে তিনি একবার আমার কিছু ধারাবাহিক সাক্ষাৎকার নিয়েছিলেন। কথা প্রসঙ্গে তিনি একবার বললেন, great men think alike। আমি উনার সাথে দ্বিমত করে তাৎক্ষণিকভাবে বললাম, না, আমি এমনটা মনে করি না। বরং আমি মনে করি, all men think alike।

একজন রেশনালিস্ট হিসেবে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, মানবীয় চিন্তার মূল কাঠামো ও পদ্ধতি একই। সেজন্যই আমরা পরস্পর মতবিনিময় করি, তর্কবিতর্ক করি। আমাদের বেসিক এগ্রিমেন্টস এবং এসাম্পশানসের ওপর দাঁড়িয়ে আমরা পরস্পর পরস্পরকে সমর্থন অথবা খণ্ডন করি। ভিন্নতা ও মতানৈক্য হয় তিনটি কারণে: (১) দৃষ্টিকোণের পার্থক্য, (২) গভীরতার পার্থক্য ও (৩) সামগ্রিকতার পার্থক্য।

কথাগুলো নিয়ে বিস্তারিত লিখতে না পারার জন্য পোস্টার করা। তাই এখানে কোনো বিষয়ে এনগেইজ হওয়ার সুযোগ নাই। আমার কথাগুলো অপ্রচলিত, কিন্তু বাস্তব এবং জীবন ঘনিষ্ঠ। পড়লেই বুঝতে পারবেন।

হ্যাপী রিডিং।

মোহাম্মদ মোজাম্মেল হক
mozammelhq.com

এসই-১৫, দক্ষিণ ক্যাম্পাস
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
জুন ০৮, ২০২৪

# সূচিপত্র

## প্রথম অধ্যায়: উপলব্ধি

**ক. জীবনবোধ**

১। প্রার্থনা ১৫
২। key to success ১৬
৩। জীবন আর মৃত্যু ১৭
৪। how to lead a happy life ১৮
৫। life is to proceed on ১৯
৬। meaning of life ২০
৭। what to do to lead a balanced life ২১
৮। respect yourself ২২
৯। মানুষের চরিত্র ২৩
১০। কঠোরতার পরে আসে সহজতা ২৪
১১। এসো হই সাম্যবাদী ২৫
১২। স্বপ্নের রূপান্তর ২৬
১৩। quality does matter ২৭
১৪। formality kills spirituality ২৮

**খ. জয়-পরাজয়**

১। problem of instant gratification ৩১
২। integrity first ৩২
৩। অগ্রাধিকার বিবেচনা ৩৩
৪। success & failure ৩৪
৫। truth and falsity ৩৫
৬। not that much as it appears ৩৬
৭। প্রতিরোধ ক্ষমতা অর্জন শ্রেয়তর ৩৭
৮। problem of over-expectation ৩৮

**গ. কর্মনীতি**

১। simplicity is the beauty ৪১
২। proper consumption is the best ethical position ৪২
৩। ভোগবাদী নাকি জীবনবাদী? ৪৩
৪। modesty is a must ৪৪
৫। how to defuse resentment ৪৫

৬। success is at your hand ৪৬
৭। সুবিধার অসুবিধা আর অসুবিধার সুবিধা ৪৭
৮। আজকের কল্পনা আগামীদিনের বাস্তবতা ৪৮
৯। গড়ে তোল ভাল অভ্যাস ৪৯

**ঘ. পারস্পরিক সম্পর্ক**

১। what is personality ৫৩
২। ব্যক্তিত্বের পরিচয় ৫৪
৩। laws of relationship ৫৫
৪। মানবিক সম্পর্কের পাঁচটি সূত্র ৫৬
৫। সম্পর্ক মাত্রই লেনদেনের ব্যাপার ৫৭

## দ্বিতীয় অধ্যায়: মোটিভেশন

**ক. আত্মপরিচয় ও মর্যাদাবোধ**

১। self-respect ৬৩
২। love & respect ৬৪
৩। live your own life ৬৫
৪। self-branding ৬৬
৫। জীবন ও প্রকৃতি ৬৭
৬। holding conflicting identities ৬৮
৭। ঐতিহ্য ও মূল্যবোধ ৬৯

**খ. আত্মবিচার**

১। জ্ঞানী কে? ৭৩
২। am I a better person today? ৭৪
৩। am I a better teacher today? ৭৫

**গ. আত্মবিশ্বাস**

১। commitment ৭৯
২। be proactive, don’t be reactive ৮০
৩। সফলতার মূলমন্ত্র ৮১
৪। epistemic honesty ৮২
৫। চাষ করো আশাবাদ ৮৩
৬। জীবনের পথে ৮৪
৭। অন্ধ অনুসরণ করা যাবে না কারো ৮৫
৮। what to do in a situation ৮৬
৯। potentiality is not a permanent asset ৮৭
১০। স্বপ্নের সীমা ৮৮
১১। জয়-পরাজয় ৮৯
১২। শুভ কামনা ৯০
১৩। যেমন তোমাকে চাই ৯১
১৪। সুখী হওয়ার উপায় ৯২

ঘ. অগ্রাধিকার নির্ণয়
১। how to do the best ৯৫
২। focus on one ৯৬
৩। how to build a better formal life ৯৭
৪। balance between positivity & negativity ৯৮
৫। how to prioritize ৯৯
৬। ceiling of potentiality ১০০
ঙ. বাঙ্ময়তা কিংবা নিরবতা
১। whistleblowing ১০৩
২। righteousness ১০৪
৩। silence & speech ১০৫
চ. অপরের অধিকার
১। awareness of one's pragmatic position ১০৯
২। 12 rules for life ১১০
৩। sincerity matters ১১১
৪। লাভ ক্ষতির হিসেব নিকেশ ১১২
৫। balance of rights & duties ১১৩
৬। স্বার্থপরতার চেয়ে পরোপকারিতা শ্রেয়তর ১১৪
৭। salvation is not at your hand ১১৫
৮। relations and their boundaries ১১৬
৯। limits of liberty ১১৭
১০। don't be contemptuous ১১৮
চ. পাঠ ও চিন্তা
১। knowledge is the best blessing ১২১
২। knowledge is not a commodity ১২২
৩। what is history ১২৩
৪। reading for doing ১২৪
৫। read & think ১২৫
৬। reading with critical thinking ১২৬

# প্রথম অধ্যায়: উপলব্ধি

# জীবনবোধ


# প্রার্থনা



হে প্রভু
দান কর উপকারী জ্ঞান
দাও বোধ জীবনের
বাঁচাও আমাকে
লক্ষ্যহীন জ্ঞানী হওয়া থেকে
বাঁচাও আমাকে
নির্বোধ মানুষের
অবাঞ্ছিত ভালোবাসা থেকে

- মোহাম্মদ মোজাম্মেল হক

mozammelhq.com


key to success
be natural as much as possible
- mohammad mozammel hoque
mozammelhq.com

# জন্মের চেয়ে বড় বিস্ময়

# আর

# মৃত্যুর চেয়ে বড় সত্য পৃথিবীতে নাই

- মোহাম্মদ মোজাম্মেল হক

# life is to work

# WORK
gives
# MEANING
to life

# life is to live, read & proceed...!

— mohammad mozammel hoque

meaning of life

# life is -

**to feel**
**to find**
**to fight**
**to push**
**and**
**to proceed**
**beyond the limit**

---

## no competition, no life.

---

- mohammad mozammel hoque

mozammelhq.com

what to do to lead a balanced life

maintain

# MODERATION

IN

# FOOD, SEX, SLEEP & SPEECH

mohammad mozammel hoque | mozammelhq.com

যে পথে যেতে
পারবে না শেষ পর্যন্ত,
সে পথে
ঘোরাফিরা করে
সময় নষ্ট করো না।

---

**follow the policy:**
**EVERYTHING**
**or**
**NOTHING**


-মোহাম্মদ মোজাম্মেল হক


mozammelhq.com




# সময়ে আমরা সকলেই শ্বাপদ

- মোহাম্মদ মোজাম্মেল হক


জীবনের বৃহত্তর পরিসরে
কোন ক্ষতিই বড় কিছু নয়।
ঘুরে দাঁড়ানোর জন্য এটিই তোমার সর্বোত্তম সময়
মোহাম্মদ মোজাম্মেল হক || cscsbd.com
'কঠোরতার পরে আসে সহজতা'


এসো হই সাম্যবাদী
জীবনকে উপভোগ করার চেয়ে সঠিক কাজ আর কিছু হতে পারে না।
জীবনকে উপভোগ করো কাজের মাধ্যমে
মোহাম্মদ মোজাম্মেল হক
mozammelhq.com


মানুষ
অল্প বয়সে
স্বপ্ন দেখে ভবিষ্যতের,
পরিণত বয়সে
ফিরে যায় অতীতে
মোহাম্মদ মোজাম্মেল হক || mozammelhq.com

# quality does matter

# যোগ্যতার নাই কোনো বিকল্প

# the more formal, the less spiritual

# আনুষ্ঠানিকতার ভীড়ে হারিয়ে যায় আধ্যাত্মিকতা

-মোহাম্মদ মোজাম্মেল হক

# জয়-পরাজয়


# problem of instant gratification

**SOMETIMES WE TRY TO GET SOMETHING AT THE COST OF MORE VALUABLE THINGS**

**SO SAD**

mohammad mozammel hoque

# শত্রুর মোকাবিলায় হারাবে না নিজের চরিত্র



## fight monsters without being another monster

- mohammad mozammel hoque

**অসংখ্য তুচ্ছ পরাজয় শেষে**
**আসে বড় বিজয়।**

**টুকরো পাথরে**
**যারা ঝোলা ভর্তি করে**
**হীরের খনি তারা**
**পায় না শেষে।**

-মোহাম্মদ মোজাম্মেল হক




cscsbd.com

success & failure

# success is how you define it

- mohammad mozammel hoque



mozammelhq.com

**in conceptual matters**

**truth
is
thoroughly
true.**

**falsehood
is
not thoroughly false.**

- mohammad mozammel hoque

‘do not mix falsity with truth’
**-al quran**

dorshon.com

not that much as it appears

# কতটা ভালো? কতটা খারাপ? ততটা নয় যতটা মনে করা হয়।

**there is always a gap between the appearance and the reality**

-মোহাম্মদ মোজাম্মেল হক

mozammelhq.com

vulnerability is closely connected with bearing capacity

---

# কষ্টটা বেশি?
# নাকি,
# সহ্য ক্ষমতা কম?

---

immunity is better than cure

- মোহাম্মদ মোজাম্মেল হক

mozammelhq.com

problem of over-expectation

# over-expectation is followed by frustration

---

**অতিআশার পরিণতি হতাশা**

- mohammad mozammel hoque

mozammelhq.com

# কর্মনীতি

# simplicity
# is
# the
# beauty

— mohammad mozammel hoque

proper consumption is the best ethical position

# proper
# CONSUMPTION
## IS THE BEST
# ETHICAL POSITION .

sacrifice is not always good

- mohammad mozammel hoque

mozammelhq.com

**কেউ বেশি ভোগ করে,**
**এর মানে এই নয় যে**
**সে ভোগবাদী।**

**আবার**
**কেউ ভোগবাদী,**
**এর মানে এই নয় যে**
**সে বেশি ভোগ করে।**

অপচয়ের মাত্রা থেকে বুঝা যায়
কে ভোগবাদী আর কে জীবনবাদী

-মোহাম্মদ মোজাম্মেল হক

mozammelhq.com

# modesty
# is
# an
# uncompromisable
# ethic

- mohammad mozammel hoque

# ventilation prevents explosion


success is at your hand
everyone becomes
whatever he
wants to be,
sooner or later
more or less.
-mohammad mozammel hoque
mozammelhq.com

# প্রত্যেক অসুবিধার থাকে কিছু সুবিধা আবার প্রতিটি সুবিধার থাকে কিছু অসুবিধা

অবিমিশ্র ভালো বা খারাপ বলে কিছু নাই

-মোহাম্মদ মোজাম্মেল হক

mozammelhq.com

*we get time for whatever is important to us*



**প্রত্যেকে সেই কাজের সময় পায়**
**যে কাজকে সে গুরুত্বপূর্ণ মনে করে**

mohammad mozammel hoque || mozammelhq.com







কোনো কাজের মাধ্যমে
আমরা যা অর্জন করি
তার চেয়ে উক্ত কাজের
মাধ্যমে আমাদের যে
অভ্যাস বা অনভ্যাস গড়ে
উঠে, তা অধিকতর গুরুত্বপূর্ণ।




- মোহাম্মদ মোজাম্মেল হক

mozammelhq.com

# পারস্পরিক সম্পর্ক

**PERSONALITY**

**IS**

COMMITMENT,

CONFIDENCE

AND

**AUDACITY WITHIN LIMIT**

- mohammad mozammel hoque

# ব্যক্তিত্ব হচ্ছে প্রতিশ্রুতি আত্মবিশ্বাস আর পরিমিত মাত্রার বেয়াদবি

-মোহাম্মদ মোজাম্মেল হক

mozammelhq.com

laws of relationship


# five laws of BONDING

- we enjoy life.
- we develop relations for our self-interest.
- every relation has a boundary and life-time.
- every relation has to be renewed with new terms and conditions.
- we disown and kill the failed and unwanted relations.

- mohammad mozammel hoque

mozammelhq.com

| মানবিক সম্পর্কের পাঁচটি সূত্র | |
|---|---|
| ১ | মানুষ জীবনকে উপভোগ করে। |
| ২ | নিজের স্বার্থে মানুষ সম্পর্ক গড়ে তোলে। |
| ৩ | প্রত্যেক সম্পর্কের একটা সীমানা এবং মেয়াদ থাকে। |
| ৪ | পুরনো সম্পর্ককে নতুন শর্তে নবায়ন করতে হয়। |
| ৫ | ব্যর্থ ও অনাকাঙ্ক্ষিত সম্পর্ককে মানুষ হত্যা করে। |



# যে সম্পর্ক ভাঙা যাবে না,
# সে সম্পর্ক গড়তে যাওয়া বোকামি।

- মোহাম্মদ মোজাম্মেল হক

mozammelhq.com

# মোটিভেশন

# আত্মপরিচয় ও মর্যাদাবোধ

self-respect


# BE SELF-RESPECTFUL

don't
shame
yourself
for
anything
which
is
not
your
fault

- mohammad mozammel hoque

mozammelhq.com

**love & respect**



**if**
**you**
**have**
**respect**
**for**
**me,**
**I**
**will**
**get it.**
**you need not necessarily**
**show it.**

---

**cordiality doesn't require formality**

- mohammad mozammel hoque

mozammelhq.com

*live*

*your*

*own life*

---

*be the best*

*of you*

– mohammad mozammel hoque

self-branding

# BRAND YOURSELF

otherwise someone may misinterpret you

— mohammad mozammel hoque

mozammelhq.com

# do not confront
# but
# live with nature

---

## প্রকৃতিসম্মত জীবন যাপন করো
## প্রকৃতির বিরুদ্ধে যাওয়ার চেষ্টা করো না

- মোহাম্মদ মোজাম্মেল হক

holding conflicting identities

***IDENTITY IS A MUST AS WELL AS A TRAP***



## CAREFULLY BUILD YOUR

# IDENTITY

mohammad mozammel hoque || cscsbd.com

reclaim your tradition || stand against westernization

রুখে দাও পাশ্চাত্যবাদ

# ফিরে আসো আপন ঐতিহ্যে

-মোহাম্মদ মোজাম্মেল হক



# আত্মবিচার

জ্ঞানী কে?

**a wise person is he who can access and control his subconscious state of mind.**

**জ্ঞানী হচ্ছে সেই ব্যক্তি যে তার অবচেতনকে বুঝবে ও নিয়ন্ত্রণ করতে পারবে।**

---

**integrity is the consistency between conscious and subconscious state of mind.**

- mohammad mozammel hoque

mozammelhq.com

am I a better person today ?

ask yourself everyday

# AM I A BETTER PERSON TODAY ?

-mohammad mozammel hoque

mozammelhq.com

am I a better teacher today ?

as a teacher ask yourself everyday

# AM I A BETTER TEACHER TODAY ?

-mohammad mozammel hoque

mozammelhq.com

# আত্মবিশ্বাস

commitment

don't be derailed
by
appreciation
and
don't be deterred
by
criticism.

---

be the best of you

---

প্রশংসার দ্বারা হয়ো না বিভ্রান্ত,
সমালোচনার আঘাতে হয়ো না দমিত

- mohammad mozammel hoque

mozammelhq.com

be proactive, don't be reactive

always

# B+

# *be positive*

towards life and the people

- mohammad mozammel hoque

mozammelhq.com

# সফল হতে চাও
# বিশেষ কিছুতে?
# ব্যর্থ হতে দাও নিজেকে
# অনেক কিছুতে।

---


## no one can see all the
## points with the same intensity

- মোহাম্মদ মোজাম্মেল হক

mozammelhq.com

epistemic honesty

# NEVER PRETEND TO KNOW WHEN YOU REALLY DON'T KNOW.



## জানার ভান করার চেয়ে জেনে নেয়া ভালো।

-মোহাম্মদ মোজাম্মেল হক

mozammelhq.com

**হতাশাকে উপড়ে ফেলে**
**চাষ করো আশাবাদ**
**গভীর নিশার পরে**
**আসবেই জেনো**
**রঙিন প্রভাত**

-মোহাম্মদ মোজাম্মেল হক

mozammelhq.com

# হতাশ হয়ো না
# যা আছে এখনো
# তোমার হাতে
# তা নিয়ে
# এগিয়ে যাও

## পরাজয়ের প্রথম কয়েক রাউন্ডেই
## জীবনের খেলা শেষ হয়ে যায় না

-মোহাম্মদ মোজাম্মেল হক

mozammelhq.com


অন্ধ অনুসরণ করা যাবে না কারো
আসুন
আপন আলোয় পথ চলি
মোহাম্মদ মোজাম্মেল হক | সমাজ ও সংস্কৃতি অধ্যয়ন কেন্দ্র | cscsbd.com

what to do in a situation

# *Try to do the best*

*in every given situation*

mohammad mozammel hoque | mozammelhq.com

potentiality is not a permanent asset

potentiality

# use it


# or


# lose it

- mohammad mozammel hoque

mozammelhq.com


স্বপ্নের সীমা
মানুষ তার স্বপ্নের চেয়েও বড়
-মোহাম্মদ মোজাম্মেল হক
mozammelhq.com


জয়-পরাজয়
পরাজয়ের প্রথম কয়েক রাউন্ডেই জীবনের খেলা শেষ হয়ে যায় না
-মোহাম্মদ মোজাম্মেল হক
cscsbd.com


শুভকামনা
এগিয়ে যাও
আগামীর পথে
সূর্যের মতো
জ্বলে উঠো
অনুভবের বিস্ফোরণে
অবিরত ছড়াও আলো
জীবনের
অপার সম্ভাবনার রূপায়ন
অদম্য ইচ্ছার
অমিত উত্তাপে
সত্য হোক
তোমার
সব সুপ্ত সৃজনশীল স্বপ্ন
-মোহাম্মদ মোজাম্মেল হক
mozammelhq.com

চাই
তুমি ‘তুমি’ হয়ে উঠো
হও ঠিক তোমারই মতো
অনন্য
খুঁজে নাও তোমাকে
তোমার সব সম্ভাবনাকে
তোমার মতো করে
এগিয়ে যাও
তোমারই পথে
আপন শক্তিতে

-মোহাম্মদ মোজাম্মেল হক


সুখী হওয়ার উপায়
মানুষ চিনতে শেখো
সুখী হবে জীবনে
- Mohammad Mozammel Hoque
mozammelhq.com

# অগ্রাধিকার নির্ণয়



# FOCUS SPECIFICALLY

---

# THINK HOLISTICALLY

- mohammad mozammel hoque

nobody can do two things at the same time

# FOCUS ON ONE

– mohammad mozammel hoque

how to build a better formal life

# FOCUS

ON YOUR

# INFORMAL LIFE

TO IMPROVE YOUR

# FORMAL LIFE

**informal practices affect your formal life negatively**

— mohammad mozammel hoque

mozammelhq.com

# balance your **NEGATIVITY** with sufficient **POSITIVITY**

negativity is poisonous

– mohammad mozammel hoque

mozammelhq.com

don’t do anything
just because
it is particularly
good & convenient
for you

---

# PRIORITIZE HOLISTICALLY

- mohammad mozammel hoque

mozammelhq.com

ceiling of potentiality

**everyone has a**
**CEILING**
**OF**
**POTENTIALITY**

---

**don’t**
**push**
**anyone**
**beyond**
**his/her**
**limit**

- mohammad mozammel hoque

mozammelhq.com

# বাঙ্ময়তা কিংবা নিরবতা

break the silence

**voice**

the

unspoken

**truth**

righteousness

# Keep Saying but Logically

- mohammad mozammel hoque

mozammelhq.com

silence & speech

# ENJOY YOUR SILENCE

# USE YOUR SPEECH

— mohammad mozammel hoque

mozammelhq.com

# অপরের অধিকার

awareness of one's pragmatic position

# be
# PRAGMATIC
## without compromising your
# PHILOSOPHY OF LIFE

nobody can live in contradictory paradigms at the same time

- mohammad mozammel hoque

centre for social & cultural studies || cscsbd.com

# 12 RULES FOR LIFE

| | FOCUS ON | NOT ON |
|---|---|---|
| 1 | the alternative | the problem |
| 2 | competence | power |
| 3 | your duty | happiness |
| 4 | the effort | the success |
| 5 | ethics | the law |
| 6 | the future | the past |
| 7 | knowledge | information |
| 8 | leadership | popularity |
| 9 | the person | the society |
| 10 | the purpose | the plan |
| 11 | quality | quantity |
| 12 | the truth | the evidence |

mohammad mozammel hoque || centre for social & cultural studies || cscsbd.com


sincerity matters
WHATEVER YOU DO,
DO IT SERIOUSLY.
SINCERITY HAS
NO ALTERNATIVE.
mohammad mozammel hoque || cscsbd.com

**না হও বিজয়ীপক্ষ**
**ক্ষতি নেই তাতে**
**যদি না হও**
**নীতির কাছে পরাজিত**

- মোহাম্মদ মোজাম্মেল হক

mozammelhq.com

balance of rights & duties

# give others their rights


## though they have deprived you

mohammad mozammel hoque || mozammelhq.com

স্বার্থপরতার চেয়ে পরোপকারিতা শ্রেয়তর

# অপরের অধিকার আদায় করো
# যদিও সে তোমাকে বঞ্চিত করেছে

মোহাম্মদ মোজাম্মেল হক || mozammelhq.com


DON’T
BOTHER
FOR
SALVATION
JUST WORK
salvation is not at your hand
mohammad mozammel hoque
mozammelhq.com

# maintain relations within boundaries, otherwise you will regret.

সম্পর্কের সীমা অতিক্রম করতে যেও না
নচেৎ শেষ পর্যন্ত তুমি পস্তাবে

— mohammad mozammel hoque

# DO NOT LET ANYONE TO BE REPRESSIVE TO YOU

resist oppression whenever wherever


— mohammad mozammel hoque


# ভালোবাসা হোক আমাদের জীবন চলার নীতি

-মোহাম্মদ মোজাম্মেল হক

mozammelhq.com

# পাঠ ও চিন্তা



knowledge is the best blessing
on earth and in the heaven
what else is more enjoyable than having a glimpse of knowledge?
-mohammad mozammel hoque
dorshon.com


knowledge is not a commodity
EARN
KNOWLEDGE
FOR LIFE
NOT FOR MONEY
জ্ঞানকে করো না পণ্য । দক্ষতাকে করো পুঁজি
LIFE
GET A SKILL FOR LIVING
mohammad mozammel hoque || mozammelhq.com

history is the study
of the trends,
not the description
of the events.

---

try to see
the big picture
beyond the
particular
events.




- mohammad mozammel hoque

reading for doing



# Reading for reading is harmful

# পড়, কিছু করার জন্য।

মোহাম্মদ মোজাম্মেল হক || cscsbd.com

read & think

# READ
# LESS
# THINK
# MORE


**avoid bookishness**

- mohammad mozammel hoque

mozammelhq.com

reading with critical thinking

# READ LESS THINK MORE



## READING IS HARMFUL WITHOUT CRITICAL THINKING

mohammad mozammel hoque || cscsbd.com